ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার



◀◀ সিনেমার জন্য যে ঝুঁকি নিয়েছিলেন মাধুরী

পৃঃ ৫

# নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

শীর্ষে ফিরলেন ▶▶ বুমরাহ



পৃঃ ৬

Digital Media Act No. : DM /34/2021 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/ ● বর্ষ ঃ ৪ সংখ্যা ঃ ২৭৫ ● কলকাতা ● ২১ আশ্বিন, ১৪৩১ ● মঙ্গলবার ● ০৮ অক্টোবর, ২০২৪ পৃষ্ঠা - ৬ ৫ টাকা

## জমি হাতানো সংক্রান্ত দুর্নীতি মামলা থেকে
## শর্তসাপেক্ষে ব্যক্তিগত বন্ডে জামিন পেলেন লালু প্রসাদ যাদব সহ তাঁর পরিবার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সন্দেশখালির ভাইরাল ভিডিওতে প্রমাণ সেখানে সরকার বিরোধী ষড়যন্ত্র হয়েছে। তাই অবিলম্বে রাজ্য পুলিশের উচিত স্বতোঃপ্রণোদিত মামলা দোয়র করে গঙ্গাধর কয়ালকে গ্রেফতার করা। কারণ গঙ্গাধর কয়াল ভিডিওতে স্পষ্ট বলেছে টাকা নিয়ে মিথ্যে ধর্ষণের মামলা দায়ের করেছে। অন্যদিকে বিজেপি নেতা অভিযোগ করেছেন তাঁকে চক্রান্ত করে ফাঁসানো হয়েছে। মুখে পড়তে হয়েছিল রেখা পাত্রকে।

সন্দেশখালি যে সরকার বিরোধী চক্রান্তের ফসল সেটা স্পষ্ট হয়ে গিয়েছে এই ভাইরাল ভিডিওতে। তাতে অস্ত্ররেখে আরও পরিকল্পনা করে সাজানো হয়েছে পুরো ঘটনা। দেশদ্রোহিতার ধারায় মামলা করা উচিত বিজেপি নেতাদের বিরুদ্ধে এমন অভিযোগ করেছেন কুণাল ঘোষ। রাজ্যপুলিশের স্বতোঃপ্রণোদিত হয়ে মামলা

এরপর ৩ পাতায়

### বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলকে জানানো হচ্ছে যে আগামী ৯ই অক্টোবর থেকে ১৩ই অক্টোবর, ২০২৪ "দূর্গাপূজা" উপলক্ষ্যে আমাদের সকল বিভাগ বন্ধ থাকবে, তাই ১০ই অক্টোবর থেকে ১৪ই অক্টোবর, ২০২৪ আমাদের পত্রিকার কোনো প্রকাশন হবে না। আগামী ১৫ই অক্টোবর, ২০২৪ তারিখে আমাদের পত্রিকা পুনরায় প্রকাশিত হবে।

সম্পাদক

## চেন্নাইয়ে বায়ুসেনার মহড়া দেখতে গিয়ে মর্মান্তিক পরিণতি-
# ভিড়ের চাপে কমপক্ষে পাঁচজনের মৃত্যু



**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন :** চেন্নাইয়ের মেরিনা বিচে বায়ুসেনার মহড়া দেখতে গিয়ে মর্মান্তিক পরিণতি ঘটলো। একসঙ্গে প্রায় ১৬ লক্ষ মানুষের জমায়েতের ফলে ঘিরে চাপে বেঘোরে প্রাণ গেল কমপক্ষে পাঁচজনের। বহু মানুষ অসুস্থ হয়ে চিকিৎসাধীন অবস্থায় হাসপাতালে ভর্তি।

বায়ুসেনার ৯২ তম বর্ষপূর্তি উপলক্ষে চেন্নাইয়ের আকাশে আয়োজন করা হয়েছিল যুদ্ধবিমানের মহড়ার। তা দেখতে গিয়ে ভিড় জমিয়েছিলেন প্রায় ১৬ লক্ষ মানুষ। এত মানুষের জমায়েতের ফলে মেরিনা বিচ জনসমুদ্রে পরিণত হয়েছিল। এত বড় আয়োজন চেন্নাইয়ের মানুষ বিগত দু' দশকে দেখেননি। তাই এই মোহড়ার উদ্দেশ্য ছিল লিমকা বুক অফ ওয়ার্ল্ড রেকর্ডের নাম তোলা।

৮ই অক্টোবর বায়ু সেনা দিবস। সেই জন্য বায়ু সেনার তরফ থেকে এক মহড়ার আয়োজন করা হয়েছিল। সকাল সাড়ে ১১ টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত এই বিশেষ মহড়া চলবে বলে জানানো হয়েছিল। সেই মোতাবেক সকাল সাতটা থেকেই ভিড় জমাতে থাকেন উৎসুক দর্শকরা। যতই বেলা বাড়তে থাকে ভিড়ে চাপ ততই বাড়তে থাকে। চড়া রোদে যুদ্ধবিমানের মহড়া দেখতে গিয়ে অসুস্থ হয়ে পড়েন অনেকে। প্রায় ১৫০ জনকে প্রাথমিক চিকিৎসা করা হয়।

কিন্তু গরমে অসুস্থ হয়ে সমুদ্র সৈকতেই মৃত্যুর কোলে ঢলে পড়েন একের পর এক দর্শনার্থী।

এতজন মানুষকে সঠিকভাবে বের করার জন্য কোন পরিকল্পনা পুলিশে ছিল না বলে অভিযোগ উঠেছে। ভিড় সামলাতে না পেরে পুলিশ প্রশাসন কার্যতো মুক্ত করে পড়ে। মর্মান্তিক এই ঘটনায় বায়ুসেনার ব্যবস্থা নিয়েও প্রশ্ন উঠেছে। পর্যাপ্ত জায়গা না থাকা সত্ত্বেও কেন বারবার জমায়েতে বিশ্ব রেকর্ডের দৌড়ে যাওয়া হচ্ছিল তা নিয়ে উপরে প্রশ্ন উঠছে।

মোহরা দেখতে আসা এক জনৈক দর্শনার্থী জানান, " ভিড়ের ঠেলায় দম বন্ধ হয়ে আসছিল। নড়াচড়ার জায়গাটুকুও ছিল না। মেরিনা বিচের পাশের রাস্তায় যানবাহন চলাচল বন্ধ করে দেওয়া হয়েছিল। যার জেরে তীব্র গরমের মধ্যে ৩ -৪ কিলোমিটার পথ হেঁটেই যেতে হচ্ছে হয়েছিল। যার যেরেও অনেকে অসুস্থ হয়ে পড়েন"।

## মালদ্বীপ এমন কোন কাজ করবে না
## যাতে ভারতের নিরাপত্তা বিঘ্নিত হয় : মোহম্মদ মুইজ্জু




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মালদ্বীপের প্রেসিডেন্ট মহম্মদ মুইজ্জু ভারতের মাটিতে পা রেখে বন্ধুত্বের বার্তা দিলেন। তিনি জানালেন মালদ্বীপ এমন কোন পদক্ষেপ করবে না যাতে ভারতের নিরাপত্তা বিঘ্নিত হয়। এমনকি তিনি ভারতীয় পর্যটকদের মালদ্বীপে আসার আমন্ত্রণ জানান।

চার দিনের ভারত সফরে সস্ত্রীক মালদ্বীপের প্রেসিডেন্ট এসে সাংবাদিকদের জানান, " মালদ্বীপ এমন কোন কাজ করবে না যাতে ভারতের নিরাপত্তা বিঘ্নিত হয়।, মালদ্বীপ ও ভারতের সম্পর্ক পারস্পরিক সম্মান ও আগ্রহের উপর ভিত্তি করে গড়ে উঠেছে। আমাদের দেশের বাণিজ্য ও উন্নয়নের অন্যতম অংশীদার ভারত। প্রতিরক্ষা সহ আরো একাধিক ক্ষেত্রে মালদ্বীপের সঙ্গে ভারতের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। প্রতিবেশী ও বন্ধুদের সম্মান করা আমাদের ডিএনএতে মিশে রয়েছে। ভারতীয়রা আমাদের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব রাখে। ভারতীয় পর্যটকদের আমাদের দেশে স্বাগত জানাচ্ছি"।

প্রসঙ্গত উল্লেখ্য চলতি বছরের জানুয়ারি মাসে ভারতের প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদি লাক্ষাদ্বীপ সফরের পর থেকে দিল্লি মালদ্বীপের দীপাক্ষিক সম্পর্কের তাল কাটে। নরেন্দ্র মোদীকে নিয়ে নানা বিতর্কিত মন্তব্য করেন তথ্য শিল্প মন্ত্রকের দুই মন্ত্রী মরিয়ম শিউনা এবং মালশা শরীফ ফ সহ আরেক মন্ত্রী আবদুল্লাহ মাহজুম মজিদ। সমগ্র ভারত জুড়ে তখন শুরু হয় 'বয়কট মালদ্বীপ'। এই পরিস্থিতির পর

এরপর ৩ পাতায়




## তপসিয়া কন্যাশ্রী মঞ্চে বস্ত্র বিতরণ

# অনুষ্ঠানে পুলিশ সুপার



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম : নিউজ সারাদিন** : প্রাক শারদীয়ার মুহূর্তে ঝাড়গ্রাম জেলা পুলিশের নির্দেশ মতো বেলিয়াবেড়া থানার পুলিশের উদ্যোগে গোপীবল্লভপুর ২ ব্লকের তপসিয়াতে হল ছাত্রছাত্রীদের পাঠ্য সামগ্রী ও মহিলাদের বস্ত্র বিতরণ কর্মসূচি। সোমবার তপসিয়া কন্যাশ্রী মঞ্চে জেলা পুলিশ সুপার অরিজিৎ সিনহা আপিএস,ডিএসপি হেডকোয়ার্টার সমীর অধিকারী, বেলিয়াবেড়া থানার ওসি সুদীপ পালোধী এর উপস্থিতিতে হয় এই কর্মসূচি।এদিন পুলিশের দিশা অবৈতনিক কোচিং সেন্টার এর ছাত্রছাত্রীদের পাঠ্য সামগ্রী বিতরণ এর পাশাপাশি এলাকার দুঃস্থ মহিলাদের পুজোর বস্ত্র তুলে দেওয়া হয়। এদিন প্রায় চারশো জন মহিলার হাতে তুলে দেওয়া হয় বস্ত্র। কর্মসূচি শেষে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে ঝাড়গ্রাম জেলা পুলিশের পুলিশ সুপার অরিজিৎ সিনহা এবারের পুজোয় নিরাপত্তা সংক্রান্ত বিষয়গুলো তুলে ধরেন। পাশাপাশি পুজোর কদিন পুজো কমিটিগুলোকে শান্তি শৃঙ্খলা রক্ষার জন্য এগিয়ে আসার বার্তা দেন।


## পঞ্চমীতেও বৃষ্টি ? রাজ্যের ৯ জেলায় সতর্কতা



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** পঞ্চমীতেও কি হবে বৃষ্টি ? ছাতা মাথায় নিয়েই কি দেখতে হবে ঠাকুর ? মঙ্গলবার দক্ষিণবঙ্গের ৭ জেলায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির আশঙ্কা। পাশাপাশি উত্তরবঙ্গেও রয়েছে হলুদ সতর্কতা। মোটের উপর আগামীকাল কেমন থাকবে আবহাওয়া ? দেখুন একনজরে।আবহাওয়া দফতরের আঞ্চলিক অধিকর্তা সোমনাথ দত্ত বলেন, বৃষ্টির সম্ভাবনা কমার পাশপাশি আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গে তাপমাত্রা বাড়তে পারে বলে জানিয়েছে আবহাওয়া দফতর। বাতাসে জলীয় বাষ্প বেশি থাকায় বাড়বে অস্বস্তিও। তাই বৃষ্টির জন্য না হলেও রোদের হাত থেকে বাঁচতে ছাতা নিয়েই ঠাকুর দেখতে বেরোতে হবে রাজ্যবাসীকে। একদিকে যখন উৎসবের আবহ, অন্যদিকে তখন ভাঙনের করাল ছায়া গ্রাস করেছে মুর্শিদাবাদের সামশেরগঞ্জের উত্তর চাচণ্ড গ্রামকে। তলিয়ে যাচ্ছে একের পর এক বাড়ি। তলিয়ে যাচ্ছে আস্ত গাছ।আইএমডি সূত্রে খবর, আগামীকাল দক্ষিণবঙ্গের দক্ষিণবঙ্গের ৭ জেলায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

এর মধ্যে কলকাতা, হাওড়া, হুগলি, দুই ২৪ পরগনা, দুই মেদিনীপুরে হলুদ সতর্কতা রয়েছে। পাশাপাশি উত্তরবঙ্গের দুই জেলায় দক্ষিণ দিনাজপুর এবং মালদায় বজ্রবিদ্যুৎ-সহ বৃষ্টির আশঙ্কা রয়েছে। পুজোতে রাজ্যে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। কিছু জায়গায় বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। আজ কলকাতা সহ দক্ষিণবঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টির পূর্বাভাস আবহাওয়া দফতরের। দুই ২৪ পরগনা ও দুই মেদিনীপুরে বৃষ্টির সম্ভাবনা বেশি। আগামী কয়েকদিন দক্ষিণবঙ্গে তাপমাত্রা বাড়তে পারে। বাতাসে জলীয় বাষ্প বেশি থাকায় বাড়ছে অস্বস্তির পরিমাণও। উত্তরবঙ্গেও কমবে বৃষ্টির পরিমাণ। শুধুমাত্র পার্বত্য এলাকায় বিক্ষিপ্তভাবে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। ১১ ও ১২ অক্টোবর দক্ষিণবঙ্গের একাধিক জেলায় বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে।পুজোতে ঠাকুর দেখায় তেমন বিঘ্ন ঘটাবে না বৃষ্টি। চতুর্থীর দিন সুখবর দিল আলিপুর আবহাওয়া দফতর। পুজোর কদিন রাজ্যে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। কিছু জায়গায় বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। রোদ ঝলমলে নীল আকাশ জুড়ে পেঁজা তুলোর মতো মেঘের আনাগোনা জানান দেয় শরৎকাল এসে গেছে। উমাকে বাপের বাড়িতে স্বাগত জানাতে সেজে উঠেছে প্রকৃতিও। কিন্তু সেই আকাশেই মাঝে মাঝে কালো মেঘের ঘনঘটা আর যখন তখন বৃষ্টি, বাঙালির মনে ভয় ধরাচ্ছি। কী হবে পুজোয়? অবশেষে মিলল সুখবর। পুজোতে রাজ্যে ভারী বৃষ্টির সম্ভাবনা নেই। কিছু জায়গায় বিক্ষিপ্ত বৃষ্টি হতে পারে বলে জানিয়েছে আলিপুর আবহাওয়া দফতর। ১০ অক্টোবর বৃহস্পতিবার পর্যন্ত বৃষ্টির সম্ভাবনা খুব কম। শুক্র ও শনিবার কলকাতা সহ দক্ষিণবঙ্গে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে।

## মুইজ্জুর সঙ্গে বৈঠক, যা বললেন মোদি



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** চার দিনের সফরে ভারতে এসেছেন মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মদ মুইজ্জু। সোমবারই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে দেখা করেছেন। দুই দেশ আগামী দিনেও নানা ভবিষ্যৎ প্রকল্পে একে অপরের সহযোগিতা করবে, মুইজ্জুর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকের পর এবার এমনটাই বার্তা দিলেন মোদি।

রবিবার বিকালে সস্ত্রীক দিল্লি বিমানবন্দরে পৌঁছান মুইজ্জু। সেখানে তাঁকে স্বাগত জানান কেন্দ্রীয় বিদেশ বিষয়ক প্রতিমন্ত্রী কিরীটী বর্ধন সিং। ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে এক দফা বৈঠকও হয়ে গিয়েছে তার। সোমবার সকালে নয়া দিল্লির রাজঘাটে মহাত্মা গান্ধীর সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন মুইজ্জু। এর পর সোমবারই রাষ্ট্রপতি ভবনে তাকে আনুষ্ঠানিক ভাবে সংবর্ধনা দেওয়া হয়েছে। মোদী ছাড়াও সেই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু। সোমবার টাইমস অফ ইন্ডিয়াকে দেওয়া একটি সাক্ষাৎকারে মুইজ্জু বলেন, 'ভারত মালদ্বীপের বন্ধু। পারস্পরিক সহযোগিতার মাধ্যমে আমাদের এই দ্বিপাক্ষিক সম্পর্ক গড়ে উঠেছে। বিভিন্ন ক্ষেত্রে অন্য অনেক দেশের সঙ্গে মালদ্বীপের যোগাযোগ রয়েছে। কিন্তু আমাদের কোনও কাজে যাতে ভারতের নিরাপত্তার ক্ষতি না হয়, আমরা সে দিকটিও বরাবর মাথায় রেখে চলি।' এ বার বৈঠক শেষে মোদীও জানিয়ে দিলেন, ভারত সব সময়েই মালদ্বীপের পাশে ছিল। ভবিষ্যতেও নানা প্রকল্পে একে অপরের সহায়তা করবে দুই দেশ।

আগামী ১০ অক্টোবর পর্যন্ত ভারতে থাকবেন মুইজ্জু। মালদ্বীপের প্রেসিডেন্ট মূলত চীনের 'ঘনিষ্ঠ' হিসাবেই পরিচিত। ফলে তিনি পড়শি দ্বীপরাষ্ট্রে ক্ষমতায় আসার পর ভারতের উদ্বেগ বেড়েছে। চিনের সঙ্গে ঘনিষ্ঠতাও বৃদ্ধি পেয়েছে মালদ্বীপের। ফলে এই সফরের দিকে তাকিয়ে রয়েছেন অনেকেই। গত চার মাসে এটি মুইজ্জুর দ্বিতীয় ভারত সফর। যদিও দ্বিপাক্ষিক সফরে এই প্রথম ভারতে এলেন তিনি। এর আগে জুন মাসে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ও তার নতুন মন্ত্রিসভার শপথগ্রহণে আমন্ত্রিত ছিলেন তিনি।







## জেলায় জেলায় দেবী নিধন হওয়ায়

# স্বপন দত্ত বাউলের পুজো, আনন্দ, উৎসব বয়কট



**সংবাদদাতা, নিউজ সারাদিন :** তিলোত্তমা বিচার কবে পাবে তা কেউ জানে না । ঠিক সেই মুহূর্তেই জেলায় জেলায় অসুরদের নিধন না করে দেবী নিধন ঘটে চলেছে। নারীদের নৃশংস খুন করা নিত্য ঘটনা হয়ে দাঁড়িয়েছে। তিলোত্তমার পর বর্ধমানের গাংপুরে একটি আদিবাসী মেয়েকে খুন , কেতুগ্রামের বাস রুটে চলন্ত বাসে অষ্টম শ্রেণীর ছাত্রীকে গলা কেটে খুন, জয় নগর কুলতলীতে চতুর্থ শ্রেনীর ছাত্রী কে ধর্ষণ করে খুন এরকম প্রায়ই জেলায় জেলায় তিলোত্তমারা খুন হচ্ছে নৃশংস ভাবে। সেই খবর দেখে রাষ্ট্রপতির প্রশংসিত আশির্বাদ ধন্য উপহার স্বরূপ পুরস্কার প্রাপ্ত শিল্পী পূর্ব বর্ধমানের স্বপন দত্ত বাউল বর্ধমানের পাড়ায় পাড়ায় পুজো প্যান্ডেলে বাউল গানে প্রতিবাদ করলেন । নিজে পুজো আনন্দ উৎসব বয়কট করলেন । বর্ধমানের একটি পূজো প্যান্ডেলের সামনেই মা বোন মানুষের মাঝে বাউল গানে বলেন, এবার পূজোয় নতুন জামা তিনি পড়বেন না পুজো প্যান্ডেলে দুর্গা পূজা দেখতে যাবেন না , নাচে গানে আনন্দ করবেন না। কারণ জেলায় জেলায় অসুর নিধন না করে দেবী নিধন বন্ধ করতে হবে। নৃশংস খুন করে নারী নিধন প্রতিদিন জেলায় ঘটলে মা বোনেদের রক্ষা করা যাবে না। নারীদের নিরাপত্তা ও সুরক্ষার ব্যাবস্থা না থাকার জন্য নারীদের মা বোনেদের নিত্যদিনই আমাদের হারাতে হচ্ছে। নারী শক্তিকে নৃশংস ভাবে নিধন করার জন্য রাজ্যের ও দেশের সার্বিক উন্নয়ন ব্যাহত হচ্ছে। জেলা প্রশাসন গুলিকে ও রাজ্য সরকারকে এবং কেন্দ্র সরকারকে সচেতন হতে হবে দেশের নারী নিগ্রহ , নারীদের নির্যাতন, বলাৎকার, ধর্ষণ, নৃশংস খুন, অ্যাসিড হামলা ,বধু নির্যাতন, বধু হত্যা বন্ধ করতে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে। যেখানেই নারি নিধন যজ্ঞ হবে নারীদের খুন করা হবে দোষীদের গ্রেফতার করে বিচার করে কঠিন শাস্তি ফাঁসি দিতে হবে। রাজ্যের জেলায় জেলায় নারীদের খুন করা হচ্ছে দেবী নিধন হচ্ছে দোষীদের অবিলম্বে গ্রেপ্তার করে বিচারে কঠিন শাস্তি সবসময় না হওয়ার জন্য জেলায় জেলায় নারীদের নৃশংস খুন দেবী নিধন বেড়েই চলেছে। নিঃস্বার্থ ভাবে স্বপন দত্ত বাউলের দেবী নিধনকারী অসুর দের কঠিন শাস্তি না হলে পুজো আনন্দ বয়কট বাউল গানে প্রতিবাদ দেখে বর্ধমান বাসি স্বপন বাউলকে আশির্বাদ করেন।

## আর জি কর হাসপাতালের ঘটনায়

# ২১৩ পাতার চার্জশিট পেশ করল সিবিআই




**বেবি চক্রবর্ত্তী : নিউজ সারাদিন** : আর জি কর মেডিকেল কলেজ হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় তদন্তভার নেবার ৫৫ দিনের মাথায় চার্জশিট পেশ করলো কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই। সোমবার শিয়ালদা আদালতে তদন্তকারী অফিসাররা মূল অভিযুক্ত সঞ্জয় রায়ের নাম উল্লেখ করে২১৩ পাতা চার্জশিট জমা দেয়। তবে গুরুত্বপূর্ণ বিষয় হল এই ঘটনার সঙ্গে যুক্ত থাকার অভিযোগে কেবল সঞ্জয় রায়ের নাম রয়েছে বলে জানা যাচ্ছে। এছাড়া আর কারুর বিরুদ্ধে কোন তথ্য প্রমাণ সামনে আসেনি? এই প্রশ্ন নিয়ে এখন বিতর্ক দানা বাঁধছে।

আর জি কর হাসপাতালে এই নারকীয় ঘটনা ঘটে চলতি বছরের আগস্ট মাসে। এই ঘটনার সাথে প্রত্যক্ষভাবে জড়িত থাকার অভিযোগে কলকাতা পুলিশের সিভিক ভলেন্টিয়ার সঞ্জয় রায়কে গ্রেফতার করা হয়। তারপর হাইকোর্টের নির্দেশে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই তদন্ত শুরু করে। হাসপাতালে সিসিটিভি ফুটেজ থেকে শুরু করে একাধিক তথ্য অনুসন্ধান করে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা। সিসিটিভি ফুটেজে সঞ্জয় রায়কে চার তলায় দেখা গেছে বলে খবর। চিকিৎসকদের একটা বড় অংশ দাবি করে সঞ্জয় রায়ের একার পক্ষে এই কাজ করা সম্ভব নয়। একাধিক ব্যক্তি এই কাজের সঙ্গে যুক্ত। তদন্তকারীদের একাংশ এই বিষয়ে সায় দিয়েছে। শিয়ালদা আদালতে সিবিআই প্রথম চার্জশিট জমা দিচ্ছে। সুপ্রিম কোর্টের শুনানিতে এর আগে সিবিআই তথ্য প্রমান লোপাটের ইঙ্গিত দিয়েছিল।

১-ম পাতার পর

# মালদ্বীপ এমন কোন কাজ করবে না যাতে ভারতের নিরাপত্তা বিঘ্নিত হয় : মোহম্মদ মুইজ্জু

মালদ্বীপের ওপর চাপ বাড়তে থাকে। সব মিলিয়ে দুই দেশের সম্পর্ক এ যথেষ্ট ফাটল তৈরি হচ্ছিল। এই অবস্থায় দিল্লির সঙ্গে বন্ধুত্ব পুনরায় মজবুত করার জন্যই মুইজ্জুর সফর বলে কূটনৈতিক মহল অনুমান করছেন। এমনকি গত চার মাস আগে ভারতের প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদির শপথ গ্রহণ অনুষ্ঠানে এসেছিলেন মুইজ্জু।


মালদ্বীপের প্রেসিডেন্ট সোমবার সকালে রাষ্ট্রপতি দ্রৌপদীর সঙ্গে রাজঘাটে গান্ধীজীর সমাধিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করতে যান। এরপর তিনি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গে সাক্ষাৎ করবেন।

১-ম পাতার পর

# জমি হাতানো সংক্রান্ত দুর্নীতি মামলা থেকে শর্তসাপেক্ষে ব্যক্তিগত বন্ডে জামিন পেলেন লালু প্রসাদ যাদব সহ তাঁর পরিবার

করা উচিত বলে দাবি করেছেন তিনি।কুণাল ঘোষ দাবি করেছেন, সিবিআইয়ের কাছে আশ্রয় নিয়ে বাঁচার চেষ্টা করছে বিজেপি নেতা।সিবিআই বিজেপি নেতাদের নিরাপত্তা দিচ্ছে বলেও দাবি করেছেন তিনি। সেকারণে নারদাকাণ্ডে শুভেন্দু অধিকারীর নামে এফআইআর থাকলেও সিবিআই তাঁকে গ্রেফতার করেনি।গঙ্গাধর কয়াল

# ভারত সফরে অন্য সুরে চীনপন্থি-মোহাম্মেদ মুইজ্জু



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** মালদ্বীপের প্রেসিডেন্ট মোহাম্মেদ মুইজ্জু ভারতে ৫ দিনের রাষ্ট্রিয় সফরে গিয়েছেন।তিনি ভারতবিরোধী 'ইন্ডিয়া আউট' স্লোগান তুলে মালদ্বীপের প্রেসিডেন্ট নির্বাচনে জয়ী হয়েছিলেন। মোহাম্মেদ মুইজ্জু চীনপন্থি হিসেবে পরিচিত। তবে রাষ্ট্রীয় সফরে ভারতে গিয়ে সুর বদলে ফেলেছেন তিনি।মুইজ্জুর ক্ষমতাগ্রহণের মধ্য দিয়ে মালদ্বীপের রাজনীতিতে চীনের প্রভাব বাড়ার ধারণা নয়াদিল্লির। তবে ভারতকে আশ্বস্ত করে মুইজ্জু বলেছেন, চীনের স্বার্থের জন্য ভারতের নিরাপত্তায় কোনো ত্রুটি হয় এমন কিছু করবে না তার সরকার।বর্তমানে অর্থনৈতিক সংকটের পথে মালদ্বীপ। মুইজ্জু ক্ষমতায় আসার পর পরিস্থিতির তেমন উন্নতি করতে পারেননি।মালদ্বীপে বহু ভারতীয় পর্যটক ঘুরতে যায়।দেশটির অর্থনীতির অন্যতম ভীত পর্যটর শিল্প।ক্ষমতায় আসার পর যদিও মুইজ্জু চীন সফরে গিয়েছিল কিন্ত ভারত সফর এবারই প্রথম।রোববার সকালে ভারতে এসে পররাষ্টমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে দেখা করেন মুইজ্জু। আজ সোমবার সকালে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর সঙ্গে রাজঘাটেও যান গান্ধীজির সমাধিতে শ্রদ্ধার্ঘ অর্পণ করতে। এছাড়া আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির সঙ্গেও তার একান্ত বৈঠকের কথা। তার আগেই নয়াদিল্লির প্রতি বন্ধুত্ব ও সুসম্পর্কের বার্তা দিলেন মুইজ্জু।টাইমস অব ইন্ডিয়াকে মুইজ্জু বলেন, 'মালদ্বীপ এমন কিছু কখনও করবে না যাতে ভারতের নিরাপত্তা বিঘ্নিত হয়। মালদ্বীপ-ভারতের সম্পর্ক পারস্পরিক সম্মান ও আগ্রহের ভিত্তিতে গড়ে উঠেছে। মালদ্বীপের বাণিজ্য ও উন্নয়নের অন্যতম অংশীদার ভারত। প্রতিরক্ষাসহ বিভিন্ন ক্ষেত্রে মালদ্বীপের সঙ্গে ভারতের সম্পর্ক রয়েছে'।ভারতবিরোধী প্রচারণা ও বিদ্বেষ বাড়তে থাকায় মালদ্বীপ ভ্রমণ কমিয়ে দেয় ভারতের পর্যটকেরা। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে নিয়ে অশোভন মন্তব্যের জেরে তিন উপমন্ত্রীকে বহিষ্কার করেও চাপ সামলাতে পারছে না মুইজ্জু সরকার। ১ হাজার ১৯২টি দ্বীপ নিয়ে গঠিত মালদ্বীপের অর্থনীতির এক-তৃতীয়াংশ পর্যটনের ওপর নির্ভরশীল। ভারতীয়দের বয়কটের কারণে দেশটির অর্থনীতিতে ধস নামার শঙ্কা বিশেষজ্ঞদের।তবে উত্তেজনা মিটিয়ে ভারতীয়দের মালদ্বীপ ভ্রমণে স্বাগত জানিয়েছেন মোহাম্মেদ মুইজ্জু।এ নিয়ে প্রেসিডেন্ট মুইজ্জু বলেন, 'প্রতিবেশী ও বন্ধুদের প্রতি সম্মান জানানো আমাদের ডিএনএ-তে মিশে আছে। ভারতীয়রা আমাদের অর্থনীতিতে ইতিবাচক প্রভাব রাখে। ভারতীয় পর্যটকদের আমাদের দেশে স্বাগত জানাচ্ছি।' গত বছরের শেষ দিকে মুইজ্জু প্রেসিডেন্টের দায়িত্ব নেন। প্রেসিডেন্টের দায়িত্ব গ্রহণের পর তিনি এই প্রথম আনুষ্ঠানিক দ্বিপক্ষীয় সফরে ভারত গেলেন। ধারণা করা হচ্ছে ভারত সফরকালে দিল্লির কাছে 'বেল আউট' চাইবেন মুইজ্জু। কারণ, বর্তমানে দ্বীপদেশটি অর্থনৈতিক সংকটে আছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমে যাওয়ায় ঋণখেলাপি হওয়ার আশঙ্কা রয়েছে। এতে চাপ বাড়ছে মুইজ্জু সরকারের উপর। এক্ষেত্রে এখন ভারত 'বেল আউট' দিলে তা মালদ্বীপের বৈদেশিক মুদ্রার রিজার্ভকে শক্তিশালী করবে।

# উপযুক্ত পদক্ষেপ করা হবে, অনশন প্রসঙ্গে বললেন কলকাতার পুলিশ কমিশনার মনোজ



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ১৬৩ ধারা জারি থাকা সত্ত্বেও ধর্মতলায় জুনিয়র ডাক্তারদের কর্মসূচি চলছে। তা নিয়ে উপযুক্ত পদক্ষেপ করবেন বলে জানালেন কলকাতার পুলিশ কমিশনার মনোজ বর্মা। সোমবার পুজো উপলক্ষে কলকাতা পুলিশের একটি অনুষ্ঠানে গিয়েছিলেন তিনি। সেখানেই ধর্মতলায় জুনিয়র ডাক্তারদের কর্মসূচি প্রসঙ্গে তাঁকে প্রশ্ন করা হয়।

শহরের কিছু বয়স্ক নাগরিক এবং বিশেষ ভাবে সক্ষম শিশুদের নিয়ে সোমবার কলকাতা পুলিশ 'পুজো দর্শন' নামক কর্মসূচির আয়োজন করেছিল। শিশু এবং বৃদ্ধদের নিয়ে কলকাতার কিছু বড় পুজো দেখানোই এই কর্মসূচির উদ্দেশ্য। সে প্রসঙ্গে সিপি বলেন, "কলকাতা পুলিশ অনেক দিন ধরেই এই কর্মসূচির সঙ্গে যুক্ত। আমাদের ২২ হাজারের বেশি সদস্য রয়েছেন, যাঁরা পুজোয় ইচ্ছা মতো ঘুরতে, বেরোতে পারেন না। সারা বছরই পুলিশ ওঁদের খোঁজ রাখে। এ বছর কর্মসূচিতে অংশ নিয়েছেন চার হাজারের বেশি বয়স্ক নাগরিক এবং দু'হাজারের বেশি বিশেষ ভাবে সক্ষম শিশু। ২২টি বাসে করে ঘোরানো হচ্ছে। সকলের খাওয়াদাওয়ার বন্দোবস্তও করা হয়েছে।"সিপি বলেন, "পুলিশ উপযুক্ত পদক্ষেপ করবে।"

শনিবার রাত থেকে জুনিয়র ডাক্তারদের অনশন চলছে ধর্মতলায়। আরজি কর-কাণ্ডের প্রতিবাদে বিচার এবং হাসপাতালে স্বাস্থ্যকর্মীদের নিরাপত্তা-সহ ১০ দফা দাবিতে আমরণ অনশনে বসেছেন সাত জন জুনিয়র ডাক্তার। প্রথমে ছ'জন অনশন শুরু করেছিলেন। রবিবার যোগ দেন আরজি করের অনিকেত মাহাতোও। অনশন কর্মসূচিতে এখনও সরকারের সাড়া মেলেনি। তাকে কেন্দ্র করে ধর্মতলা চত্বরে সাধারণ মানুষের জমায়েতও হচ্ছে। জুনিয়রদের সিদ্ধান্তকে সমর্থন জানাতে সোমবার সকালে ২৪ ঘণ্টার জন্য অনশনে যোগ দিয়েছেন কয়েক জন সিনিয়র ডাক্তারও।কলকাতা পুলিশই ধর্মতলা চত্বরে নিরাপত্তার স্বার্থে ১৬৩ ধারা জারি করেছে। তার পরেও জুনিয়র ডাক্তারদের কর্মসূচি চলছে। অনশনের জন্য ডাক্তারেরা লালবাজারের অনুমতি চেয়ে ইমেল করেছিলেন। কিন্তু পুলিশ অনুমতি দেয়নি। লালবাজার থেকে তাঁদের জানিয়ে দেওয়া হয়, ধর্মতলায় পুজোর মুখে ভিড় বেশি রয়েছে। প্রতি দিনই পুজোর কেনাকাটার জন্য বহু মানুষ ভিড় করছেন। এ ছাড়া বিভিন্ন মণ্ডপে প্রতিমা নিয়ে যাওয়াও শুরু হয়ে গিয়েছে। এই পরিস্থিতিতে ডাক্তারেরা মেট্রো চ্যানেলের সামনে অবস্থানে বসলে যান চলাচল নিয়ন্ত্রণে সমস্যা হতে পারে, জানিয়েছিল পুলিশ। তবে অনুমতি না থাকা সত্ত্বেও অনশন শুরু করেছেন ডাক্তারেরা। সোমবার সেই অনশনের তৃতীয় দিন।

# দলিত পরিবারের বাসায় রাঁধলেন রাহুল, একসঙ্গে খেলেন খাবার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আর পাঁচজন রাজনেতার চেয়ে বরাবরই তিনি ব্যতিক্রমী। কখনও গরিবদের সমস্যার কথা জানতে সোজা নেমে যান চাষের জমিতে। এক হাঁটু কাদায় দাঁড়িয়ে ধান বোনা শেখেন। কখনও বা রাস্তায় গাড়ি থামিয়ে ফুটপাথের গরিব মুচির দোকানে হাজির হয়ে জুতো সেলাই শিখে নেন। কখনও বা মোটরগ্যারাজে সটান পৌঁছে গিয়ে গায়ে কালি-মোবিল মেখে নিজেই মেকানিক হয়ে যান। এবার ভারতের লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধিকে পাওয়া গেল অন্য মেজাজে। এবার রাজীব তনয় ঢুঁ মারলেন এক গরিব দলিত পরিবারের রান্নাঘরে। খানিকটা সময় কাটালেন তাদের সঙ্গে। সেই সঙ্গে দুপুরের মধ্যাহ্নভোজনও সেরে নিলেন পরিবারের সদস্যদের সঙ্গে।

সামনেই মহারাষ্ট্র বিধানসভার ভোট। আর ওই ভোটে রাজ্যের মহাদ্যুতি সরকারকে হঠানোর লক্ষ্য নিয়ে কোমর কষে আসরে নেমেছেন রাহুল। গত শনিবার এক রাজনৈতিক কর্মসূচিতে হাজির হয়েছিলেন কোলাপুরের উনচাঁও গ্রামে। আর তার পরেই মারাঠাওয়াড়ার দলিতদের রান্নাঘর নিয়ে অসাধারণ গ্রন্থের রচয়িতা সাহু পাটোলেকে সঙ্গে নিয়ে পৌঁছে গিয়েছিলেন তুকারাম সানাডের বাড়িতে।

আর বাড়িতে পৌঁছে গটগট করে রান্নাঘরে ঢুকে গেলেন লোকসভার বিরোধী দলনেতা। কৌতুহলের সঙ্গে জানতে চাইলেন কী রান্না হচ্ছে, সাধারণত কী-কী রান্না হয়, কোনও খাওয়া-দাওয়া বেশি করেন সমাজের পিছিয়ে থাকা দলিত মানুষরা।

দলিতদের রান্নায় ঝালের বেশি ব্যবহার শুনে খানিকটা ঘাবড়ে গিয়ে রাহুল এক গাল হেসে বললেন, 'আমি কিন্তু ঝাল খুব একটা পছন্দ করি না।' রাজীব তনয়ের কথা শুনে হেসে ফেলেন তুকারাম ও তার স্ত্রী। ভাইরাল হওয়া ভিডিও'তে দেখা যাচ্ছে লেখক শাহু পাটোলে রাহুল গান্ধিকে বলছেন, 'আমাদের গ্রামের উচ্চ বর্ণের মানুষরা কোনও দলিত পরিবারের হাতের পানি কিংবা চা খাওয়ার কথা ভাবতে পারে না। দুপুরের খাবার খাওয়া তো দূরের কথা।'

এর পরে শাহু পাটোলের সঙ্গে হাতে হাত লাগিয়েই মারাঠাওয়াড়ার দলিতদের জনপ্রিয় খাবার হরভারিয়াঞ্চি ভাজি এবং বেগুন দিয়ে তুরের ডাল রাঁধলেন রাহুল। তার পরে এক সঙ্গে দুপুরের মধ্যাহ্নভোজ সারলেন।

# ডাঃ স্মরজিৎ জানার দেখানো পথেই শুরু হোলো দুর্গোৎসব ২০২৪




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** কলকাতায় সোনাগাছি তে দুর্বার মহিলা সমন্বয় কমিটির দুর্বার দুর্গোৎসব একযুগ ২০২৪ মাতৃশক্তির মূর্তি উন্মোচন উৎসব অনুষ্ঠিত হলো।

অনুষ্ঠানে সুসজ্জিত মণ্ডপে মৃন্ময়ী দেবী দুর্গতিনাশিনী দুর্গার মূর্তি উন্মোচন করলেন এই প্রান্তিক জনগোষ্ঠীর মায়েরা।

ড :স্মরজিৎ জানা মহাশয়ের প্রদর্শীত পথেই যৌন কর্মী মা বোনেরা সচিব শ্রীমতি বিশাখা লস্কর কে সামনে রেখে আনন্দের এই উৎসবের শুভ সূচনা করেন। মায়ের মণ্ডপ উন্মোচন এর আগে ঠিক বিকেল চারটায় অনুষ্ঠান মঞ্চে উপস্থিত অতিথিদের ডেকে বরণ পর্ব সেরে নেন। এলাকার তিন কাউন্সিলর সুনন্দা সরকার সহ আরো দুজনকে বরণ করে তাঁদের মূল্যবান বক্তব্য শুনে অনুপ্রাণিত হন। মঞ্চে অন্যান্য অতিথিদের মধ্যে রবীন্দ্র নাথ চক্রবর্তী,গৌতম মুখোপাধ্যায়, মনের কাছে সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন। দীর্ঘদিন এর লড়াকু যৌন কর্মীদের এই মঞ্চে সম্বর্ধনা দেওয়া হয়।

সচিব বিশাখা লস্কর মঞ্চে বলেন যৌন কর্মীদের অধিকার রক্ষার সংগ্রাম আজও অব্যহত আছে। দুর্বার আজ সামাজিক স্তরে অনেক শক্তিশালী একটা সগঠন। সবার সহযোগিতা য় আরো বড়ো হবে এবং মানব মনে জায়গা করে নেবে।

দুর্বারের স্বেচ্ছাসেবক বোনেরা অসম্ভব ভালো কাজের সঙ্গে যুক্ত থেকে সংগঠন এর মুখ উজ্জ্বল করছে।

উপস্থিত দর্শকদের আমন্ত্রণ জানিয়ে পুজোর কয়েকটি দিন সবাইকে উৎসব এর আনন্দে মেতে থাকার পরামর্শ দিয়েছেন।




ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

নিউজ সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

৪ বর্ষ ২৭৫ সংখ্যা ০৮ অক্টোবর, ২০২৪ মঙ্গলবার ২১ আশ্বিন, ১৪৩১

## সম্পাদকীয়

# আগামী আর্থিক বছরের বাজেট পেশের প্রস্তুতি রাজ্য সরকারের

হাতে বাকি আছে আরও ৫টি মাস। কিন্তু এখন থেকেই আগামী আর্থিক বছরের(Financial Year 2025-26) বাজেট (West Bengal State Government Budget) পেশের প্রস্তুতি শুরু করে দিল রাজ্য সরকার। অর্থ দফতর থেকে রাজ্যের সব দফতরকে জানিয়ে দেওয়া হয়েছে, আগামী ১১ নভেম্বরের মধ্যে চলতি ২০২৪-২৫ আর্থিক বছরের সংশোধিত বাজেট(জবারংবফ ইঁফমবঃ ২০২৪-২৫) ও ২০২৫-২৬ অর্থবর্ষের বাজেট প্রস্তাবের জন্য প্রয়োজনীয় তথ্য অনলাইনে নির্দিষ্ট প্রোফর্মায় পাঠাতে হবে।একইসঙ্গে গ্রাম বাংলায় রাস্তা তৈরির ক্ষেত্রেও রাজ্য সরকার নতুন করে কাজে হাত দিতে পারে। কেননা বন্যার জেরে কিবা উত্তরবঙ্গ, কিনা দক্ষিণবঙ্গের বেশ কিছু জেলায় রাস্তা কার্যত ধুয়ে মুছে গিয়েছে। সেই রাস্তার কাজের জন্যও রাজ্য সরকারকে প্রায় ৩ হাজার কোটি টাকা অতিরিক্ত খরচ করতে হবে। মনে করা হচ্ছে সেই বিষয়টিও সংশোধিত বাজেটে ঠাঁই পাবে। এর পাশাপাশি রাজ্য সরকারের অনান্য যে সব আর্থসামাজিক প্রকল্প রয়েছে সেই সব প্রকল্পের খরচের ক্ষেত্রেও কিছু কিছু সংশোধনী থাকবে। উল্লেখ্য, আগামী বছরে লোকসভা বা বিধানসভার নির্বাচন না থাকায় নির্দিষ্ট সময়েই রাজ্য বিধানসভায় বাজেট পেশ করার কথা আছে। অর্থাৎ ফেব্রুয়ারি মাসেই বাজেট পেশ হবে রাজ্যের। সেই বাজেট ২০২৬ সালের রাজ্য বিধানসভার নির্বাচনের আগে শেষ পূর্ণাঙ্গ বাজেট হতে চলেছে। আর সেখানেই একাধিক চমক থাকতে পারে বলেও মনে করা হচ্ছে।অর্থ দফতরের অধীনস্থ ডাইরেক্টরেটগুলিকে একই নির্দেশ দেওয়া হয়েছে। প্রসঙ্গত, আগামী আর্থিক বছরের বাজেট প্রস্তাব পেশ করার সঙ্গে চলতি আর্থিক বছরের সংশোধিত বাজেট পেশ করতে হবে রাজ্য বিধানসভায়। চলতি আর্থিক বছরে এখনও পর্যন্ত রাজ্যের দফতরগুলি বাজেট বরাদ্দের কতটা খরচ করেছে, বাকি মাসগুলিতে আর কতটা খরচ করতে পারবে, অতিরিক্ত অর্থের প্রয়োজন আছে কি না-এসবই জানাতে হবে। আগামী আর্থিক বছরের বাজেট প্রস্তাবের জন্য দফতরগুলি তাদের প্রয়োজন যাচাই করে তথ্য পাঠাবে।চলতি অর্থবর্ষেই রাজ্য সরকার ১০০ দিনের কাজের প্রকল্পের বকেয়া মজুরির জন্য কয়েক হাজার কোটি টাকা খরচ করেছে। প্রথমে ঠিক ছিল ২১ লক্ষ মানুষকে ৫৫৫৩ কোটি টাকা প্রদান করা হবে। পরে সেই সংখ্যা বেড়ে হয় সাড়ে ২৪ লক্ষ। ফলে বাড়ে টাকা প্রদানের পরিমাণও। সেই অতিরিক্ত খরচের টাকা সংশোধিত বাজেটে তুলে ধরা হবে বলেই নবান্ন(ঘধনধহহধ) সূত্রে জানা গিয়েছে। আবার চলতি মাস থেকেই বাংলায় ১১ লক্ষ মানুষকে বাড়ি তৈরি করে দেওয়ার জন্য সমীক্ষা শুরু হবে। প্রত্যেক উপভোক্তাকে দেওয়া হবে ১ লক্ষ ২০ হাজার টাকা করে। সেই হিসাবে রাজ্য সরকারের ১৩ হাজার ২০০ কোটি টাকা খরচ হবে। তবে এক্ষেত্রেও বাড়তে পারে উপভোক্তার সংখ্যা। তাই প্রায় ১৪ হাজার কোটি টাকার বাজেট ধরেই এই কাজে নামতে চলেছে মমতা বন্দ্যোপাধ্যায়ের সরকার। এই খরচও সংশোধিত বাজেটে তুলে ধরা হবে বলে জানা গিয়েছে।

# শ্রী মোদী সুমধুর সঙ্গীত পরিবেশনের জন্য পূর্বা মন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন

**নতুন দিল্লি, ০৭ অক্টোবর, ২০২৪ : নিউজ সারাদিন :** প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী আজ দেবী দুর্গার প্রার্থনার জন্য তাঁর নিজের লেখা 'আভাতি কালায়া মাদি ভায়া কালায়া' শীর্ষক সঙ্গীতটি সকলের সঙ্গে ভাগ করে নিয়েছেন।

এই গরবা সঙ্গীতটি পরিবেশন করায় গায়িকা পূর্বা মন্ত্রীকে ধন্যবাদ জানিয়েছেন শ্রী মোদী। প্রধানমন্ত্রী এক্স বার্তায় বলেন:

"নবরাত্রির শুভ সময় চলছে এখন। সকলে একত্রিত হয়ে ভিন্ন ভিন্নভাবে মা দুর্গার প্রতি ভক্তি প্রদর্শন করছেন ও উৎসব উদযাপন করছেন। শ্রদ্ধা ও আনন্দের ভাবনায় এই গানটি #AavatiKalay পরিবেশন করা হয়েছে। আমি মা দুর্গার শক্তি ও করুণার প্রতি শ্রদ্ধা জানিয়ে এই গানটি লিখেছি। মা দুর্গার আশীর্বাদ সর্বদাই সকলের উপর বর্ষিত হোক।"

"আমি এই নতুন প্রতিভাবান শিল্পী পূর্বা মন্ত্রীকে এই গরবা গানটি পরিবেশন করার জন্য ও এত সুন্দরভাবে উপস্থাপনার জন্য ধন্যবাদ জানাই।

# সতীপীঠের অন্যতম কামাখ্যা



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

এখনও বলিদান এখানে পূজার অঙ্গ। এখানে অনেক ভক্তই দেবীর উদ্দেশ্যে ছাগলবলি দেন। কালিকা পুরাণ অনুসারে কামাখ্যায় পূজা করলে সকল ইচ্ছা পূর্ণ হয়। শিবের তরুণী স্ত্রী এবং মোক্ষদাত্রী শক্তিই কামাখ্যা নামে পরিচিত। ১২ খ্রিস্টপূর্বাব্দে নীলাচল পর্বতে মঙ্গোলরা আক্রমণ করলে প্রথম তান্ত্রিক কামাখ্যা মন্দিরটি ধ্বংস হয়েছিল। দ্বিতীয় তান্ত্রিক মন্দিরটি ধ্বংসপ্রাপ্ত হয়েছিল মুসলমান আক্রমণের সময়। **ক্রমশঃ**

## • সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# আদ্যাশক্তি



**মৃত্যুঞ্জয় সরদার**
**(শেষ পর্ব)**



আমরা দুর্গার ক্ষেত্রেও তাই দেখতে চেয়েছি। লৌকিক দুর্গা আমাদের মধ্যে দেখা দেন সপরিবার। বাঙালির আপন মনের মাধুরী মেশানো দুর্গা তার সন্তান কার্তিক, গণেশ, লক্ষ্মী, সরস্বতীকে নিয়ে কৈলাস থেকে হিমালয়ের ঘরে বাপের বাড়ি আসেন। বাঙালির ঘরে মেয়ে শ্বশুরবাড়ি থেকে বাপের বাড়ি আসার মতো আনন্দ। যেমন পরিবারে সবাই আপন, সে রকম জগজ্জননীর বিশ্বসংসারে আমরা শিক্ষিত, অশিক্ষিত, খেটে খাওয়া মানুষ, ব্যবসায়ী বৈশ্য, শাসনকর্তা সবাই বিশ্বজননীর সন্তান সরস্বতী, কার্তিক, লক্ষ্মী ও গণেশের মতো সবাই আপন। সন্তানদের কল্যাণের জন্য মা দুর্গা সর্বদাই উদগ্রীব। তাই ১০ দিক থেকে সন্তানদের রক্ষা করার জন্য তিনি ১০ হাতে ১০ অস্ত্র ধরেছেন।

তবে বাঙালি যেভাবে দুর্গাপূজাকে আত্মস্থ তথা জীবনের অঙ্গ হিসেবে গ্রহণ করেছে, তেমনভাবে আর কেই করতে পারেনি। মাতৃরূপে বা শক্তিরূপে মা দুর্গা যেমন বাঙালির অন্তরজুড়ে বিরাজ করছেন, তেমনি কন্যারূপে উমা বাঙালির সংসারে এক অভূতপূর্ব আবেগের সঞ্চার করেছে। কথিত আছে, গিরিরাজ হিমালয় ও তাঁর স্ত্রী মেনকা কন্যা উমা বা পার্বতীকে বিয়ের পর কৈলাসে শিবের ঘরে পাঠিয়েছিলেন।

বৎসারান্তরে সেই কন্যাকে দেখার জন্য মা মেনকার ব্যাকুল প্রার্থনা যেন প্রতিটি বাঙালি পরিবারের সর্বজনীন প্রার্থনায় পরিণত। ঘরের মেয়ে ঘরে আসবে তাই বাঙালির ঘরে ঘরে দেখা দেয় আনন্দের শিহরণ। আমাদের এই দুঃখ-দৈন্যের ঘরে শ্বশুরবাড়ি থেকে মেয়ে আসবে মাত্র চার দিনের জন্য, তাই আর সব দুঃখ ভুলে ঘরে ঘরে আনন্দের পসরা সাজায়, নতুন জামাকাপড় পরে দুঃখকে বিদায় দিয়ে আনন্দময় হয়ে ওঠে বাংলার আকাশ-বাতাস। এভাবে একটি ধর্মীয় অনুষ্ঠানকে সামাজিক উৎসবে পরিণত করার ঘটনা পৃথিবীতে আর কোথাও পাওয়া যাবে না। মা দুর্গাকে বরণ করে নেওয়ার জন্য বাঙালির আগমনী সংগীত আমাদের জীবনপ্রবাহে মিশে যাওয়া এক অবিচ্ছেদ্য ধারা। এর তাৎপর্য হৃদয় দিয়ে, গভীর বোধ দিয়ে অনুভব করতে হয়।

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

# জম্মু-কাশ্মীরে বিজেপিকে পিছনে ফেলে এগিয়ে এনসি-কংগ্রেস জোট



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** ৩৭০ ধারা প্রত্যাহারের পরে প্রথম বিধানসভার ভোট অনুষ্ঠিত হয়েছিল অধিকৃত জম্মু-কাশ্মীরে। দীর্ঘ ১০ বছর বাদে মুখ্যমন্ত্রী বেছে নেয়ার জন্য ভোটের লাইনে দাঁড়ালেও উপত্যকাবাসী স্পষ্টভাবে কোনও দলকে সরকার গঠনের জন্য নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা দেননি। বরং ত্রিশঙ্কু বিধানসভার পক্ষেই রায় দিয়েছেন। যদিও বিজেপির তুলনায় সরকার গঠনে অনেকটাই এগিয়ে রয়েছে ন্যাশনাল কনফারেন্স ও কংগ্রেস জোট। কংগ্রেস নেতৃত্ব আশাবাদী নির্দল ও অন্যান্যদের সমর্থনে তারাই সরকার গড়বেন। বিজেপি নেতৃত্বও সরকার গঠনের আশা কার্যত ছেড়ে দিয়েছে।

দীর্ঘ ১০ বছর বাদে গত মাসেই তিন দফায় জম্মু-কাশ্মীর বিধানসভার ৯০ আসনে ভোটগ্রহণ হয়েছিল। বিজেপির তরফ থেকে ৩৭০ ধারা প্রত্যাহারকে হাতিয়ার করে ভোট প্রচারে ঝাঁপানো হয়েছিল। কংগ্রেস-এনসি জোটও ৩৭০ ধারা প্রত্যাহারের বিরোধিতায় সুর চড়িয়েছিল। তবে মেহবুবা মুফতির পিডিপি এবং বিচ্ছিন্নতাবাদী সংগঠনগুলি আলাদা প্রার্থী দেয়ায় রাজনৈতিক লাভের অঙ্ক কষেছিলেন অমিত শাহ-জেপি নাড্ডারা। কিন্তু শনিবার বিভিন্ন সংস্থার বুথফেরত সমীক্ষা ইঙ্গিত দিচ্ছে, বিজেপি শীর্ষ নেতৃত্বের বিরোধী ভোট ভাগাভাগির কৌশল কাজে লাগেনি।

'অ্যাক্সিস মাই ইন্ডিয়া'র বুথফেরত সমীক্ষা অনুযায়ী, জম্মু-কাশ্মীরে এনসি-কংগ্রেস জোট জিততে পারে ৩৫ থেকে ৪৫টি আসনে। বিজেপি পেতে পারে ২৪ থেকে ৩৪টি আসন। পিডিপি পেতে পারে ৪ থেকে ৬টি আসন আর অন্যান্যরা পেতে পারে ৮-২৩টি আসন। 'ইন্ডিয়া টুডে ও সি ভোটার' এর সমীক্ষা অনুযায়ী, বিজেপি পেতে পারে ২৭ থেকে ৩২টি আসনে। কংগ্রেস-এনসি জোট পেতে পারে ৪০ থেকে ৪৮টি আসন। পিডিপ্পির ঝুলিতে যেতে পারে ৬ থেকে ১২টি আসন। অন্যান্যরা পেতে পারে ৬ থেকে ১১টি আসন। হিন্দি দৈনিক সংবাদপত্র 'দৈনিক ভাস্কর' এর সমীক্ষা জানাচ্ছে, কংগ্রেস-এনসি'র ঝুলিতে যেতে পারে ৩৫-৪০ আসন। বিজেপি পেতে পারে ২০ থেকে ২৫টি আসন। পিডিপি ৪ থেকে ৭ এবং অন্যান্যরা ১২ থেকে ১৮টি আসনে জিততে পারে।

সমীক্ষা সংস্থা 'পিপলস পালস' এর সমীক্ষা অনুযায়ী, কংগ্রেস-এনসি জোট পেতে পারে ৪৬ থেকে ৫০টি আসন। সেখানে বিজেপি জিততে পারে ২৩ থেকে ২৭টি আসনে। মেহবুবা মুফতির পিডিপি পেতে পারে ৭ থেকে ১১টি আসন এবং অন্যান্যরা পেতে পারে ৪ থেকে ৬টি আসন। উল্লেখ্য, ৯০ আসন বিশিষ্ট জম্মু-কাশ্মীরে সরকার গঠনের ম্যাজিক ফিগার হল ৪৬।

# ফিকে মোদি ম্যাজিক, বোধনের আগেই হরিয়ানায় বিসর্জন বিজেপি সরকারের

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** আরও ফিকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির ক্যারিশমা। আর মোদি ম্যাজিক কাজ না হওয়ায় হরিয়ানায় দীর্ঘ ১০ বছর রাজ্যপাট সামলানোর দায়িত্ব পালনকারী বিজেপি সরকারকে বিদায় নিতে হচ্ছে। পরিবর্তে জাঠ প্রভাবিত রাজ্যটিতে দীর্ঘ ১০ বছর বাদে ক্ষমতায় ফিরতে চলেছে কংগ্রেস।

শনিবার বুথফেরত সমীক্ষাতে তেমনই আভাস মিলেছে। প্রতিবেদন প্রকাশ পর্যন্ত চারটি সমীক্ষক সংস্থার বুথ ফেরত সমীক্ষা প্রকাশিত হয়েছে। চারটি সংস্থাই বিপুল সংখ্যাধিক্য নিয়ে কংগ্রেস ক্ষমতায় ফিরতে চলেছে বলে দাবি করেছে।

এদিনই ৯০ আসন বিশিষ্ট হরিয়ানা বিধানসভায় এক দফায় ভোটগ্রহণ করা হয়েছিল। ভোটগ্রহণ শেষ হওয়ার খানিকবাদেই বিভিন্ন সংস্থার বুথফেরত সমীক্ষা প্রকাশ হতে শুরু করে। আর প্রতিটি সমীক্ষাতেই জাঠ প্রভাবিত রাজ্যটি থেকে দেবী দুর্গার বোধনের আগে বিজেপি সরকারের বিসর্জনের ইঙ্গিত দেওয়া হয়। মূলত



কৃষক আন্দোলন এবং মহিলা কুস্তিগিরদের উপরে হওয়া যৌন হেনস্থায় অভিযুক্ত ব্রিজভূষণ শরণ সিংয়ের বিরুদ্ধে কোনও কঠোর ব্যবস্থা না নেয়ার বিজেপি সরকারকে মূল্য চোকাতে হয়েছে বলে জানিয়েছেন সমীক্ষকরা।

তাছাড়া ভোটের কয়েক মাস আগে মুখ্যমন্ত্রী মুখ বদল করে নরেন্দ্র মোদি-অমিত শাহরা যে জুয়া খেলেছিলেন, তাও কাজে আসেনি। আম আদমি পার্টি, বহুজন সমাজ পার্টি, ইন্ডিয়ান লোক দল বিরোধী শিবিরের ভোট ভাগাভাগি করে বিজেপির সুবিধা করে দিতে পারে বলে রাজনৈতিক পণ্ডিতরা যে ভবিষ্যদ্বাণী করেছিলেন, তা মেলেনি।

অন্যতম হিন্দি দৈনিক সংবাদপত্র 'দৈনিক ভাস্কর' এর সমীক্ষা অনুযায়ী, হরিয়ানায় ৯০ আসনের মধ্যে কংগ্রেস জিততে পারে ৪৪ থেকে ৫৪টি আসন। বিজেপির দখলে যেতে পারে ১৫-২৯টি আসন। জেজেপি ও আইএনএলডি'র ঝুলিতে যেতে পারে ১-৫ আসন। আপ জিততে পারে ০-১টি আসনে। অন্যান্যরা পেতে পারে ৪-৯টি আসন।

'রিপাবলিক ভারত-ম্যাট্রিজ' এর সমীক্ষা অনুযায়ী, কংগ্রেস জিততে পারে ৫৫-৬২টি আসনে। সেক্ষেত্রে বিজেপির ঝুলিতে যেতে পারে ১৮-২৪টি আসন। জেজেপি পেতে পারে ০-৩টি আসন। আইএনএলডি জোট জিততে পারে ৩-৬টি আসনে। আম আদমি পার্টি খাতা খুলতে পারবে না। অন্যান্যরা পেতে পারে ২-৫টি আসন।

'পিপলস পালস' নামক সমীক্ষা সংস্থার বুথফেরত সমীক্ষায় বলা হয়েছে, হরিয়ানায় কংগ্রেস পেতে পারে ৪৯ থেকে ৬১টি আসনে। বিজেপি পেতে পারে ২০-৩২টি আসন। জেজেপি ০-১, আইএনএলডি ২-৩ এবং অন্যান্যরা ৩-৫টি আসন জিততে পারে। আর এক সমীক্ষা সংস্থা 'পি মারকিউ' জানিয়েছে, কংগ্রেস জিততে চলেছে ৫১-৬১টি আসনে। বিজেপি পেতে পারে ২৭ থেকে ৩৫টি আসন। আইএনএলডি পেতে পারে ৩-৬টি আসন। দুষ্যন্ত চৌতালার জেজেপি এবং আম আদমি পার্টিকে খালি হাতেই ফিরতে হবে।

# সিনেমার খবর

## নিরাপত্তার জন্য সঙ্গে অস্ত্র রাখেন যেসব বলিউড তারকা



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** গুলিবিদ্ধ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন বলিউড তারকা গোবিন্দ। জানা গেছে, নিজের লাইসেন্স করা বন্দুক থেকে ভুলবশত গুলিবিদ্ধ হন তিনি। হাসপাতালে নেয়ার পর ডাক্তার গোবিন্দর পা থেকে গুলি বের করেছেন। এখন তার শারীরিক অবস্থা অনেকটাই ভালো।

শুধু গোবিন্দ নন, বিটাউনের আরো অনেক তারকা নিজেদের সুরক্ষার কারণে অস্ত্র ব্যবহার করেন। জানা যাক কোন কোন বলিউড তারকার কাছে লাইসেন্স করা অস্ত্র আছে।

রুপালি পর্দার 'গদার' খ্যাত তারকা সানি দেওল তারকা বাস্তব জীবনেও বন্দুক ব্যবহার করেন। তার অভিনীত ছবি 'সিং সাহেব দ্য গ্রেট'-এর শুটিংয়ের সময় নিজের বন্দুক ব্যবহার করেছিলেন তিনি।

এই তালিকায় আছে বলিউড সুপারস্টার সালমান খানের নাম। বলিউডের 'দাবাং খান' সুরক্ষার কারণে নিজের কাছে অস্ত্র রাখেন। লরেন্স বিষ্ণোইয়ের গ্যাং থেকে সালমানের কাছে একাধিকবার প্রাণনাশের হুমকি এসেছে। তার পর থেকে এই বলিউড তারকা নিজের সুরক্ষার জন্য আগ্নেয়াস্ত্র সঙ্গে রাখেন। মুম্বাই পুলিশ সালমানের সুরক্ষার কারণে অভিনেতাকে বন্দুক রাখার অনুমতি দিয়েছিল বলে জানা গিয়েছিল।

বলিউডের সাবেক অভিনেত্রী পুনম ধিলোঁ এক সাক্ষাৎকারে জানিয়েছিলেন, তার কাছে বন্দুক আছে। তবে পুনম বন্দুকটি সঙ্গে নিয়ে ঘোরেন না বলেও জানিয়েছিলেন। এই বলিউড অভিনেত্রীর ঝুলিতে আছে একাধিক হিট ছবি।

একাধিক ছবিতে 'অ্যাংগরি ইয়ংম্যান' হিসেবে পর্দায় এসেছেন বলিউড মেগাস্টার অমিতাভ বচ্চন। বড় পর্দায় তাকে বন্দুক হাতে অনেক গোলাগুলি ছুড়তে দেখা গেছে। জানা গেছে, এই বলিউড তারকার কাছে একটি লাইসেন্স করা বন্দুক আছে। আর এ খবরও আছে যে ২৬/১১-তে মুম্বাইতে আতঙ্কবাদী হামলার পর বিগ বি বন্দুকটি কিনেছিলেন। নিজের সুরক্ষার কারণে তিনি এই বন্দুক কিনেছিলেন।

## সিনেমার জন্য যে ঝুঁকি নিয়েছিলেন মাধুরী



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** অন্তঃসত্ত্বা অবস্থায় কাজ করেছেন, এমন অভিনেত্রীর অভাব নেই। এ তালিকায় রয়েছেন রানি মুখার্জি, কাজল, ঐশ্বরিয়াসহ অনেকেই। আর সেই তালিকা থেকে বাদ পড়েননি অভিনেত্রী মাধুরী দীক্ষিত। দেবদাস ছবির শুটের সময় তিনি ছিলেন তিন মাসের অন্তঃসত্ত্বা।

সিনেমার বেশিরভাগ শুটই তখন শেষ। তিনি মোটেও কাজ থামাননি। তবে ডোলা রে গানের মতো নাচ তার পক্ষে সম্ভব ছিল না। তবে সেই সময়ও বাকি থেকে গিয়েছিল দেবদাস-এর মেহফিলের গান। হামপে ইয়ে কিসনে এই গানে মাধুরী দীক্ষিতের পারফর্ম আজও চর্চিত। তবে জানেন কি সেই গানে তিনি নেচেছিলেন অন্তঃসত্ত্বা অবস্থাতেই। সেই কারণেই পোশাকে বিশেষ বদল এনেছিলেন পরিচালক সঞ্জয়লীলা ভনসালি। তিনি কুন্দনের কাজের বদলে নির্দেশ দিয়েছিলেন শোলা দিয়ে পোশাকে কাজ করতে। যাতে পোশাকের ওজন এক ধাক্কায় অনেকটা কমে যায়। আর মাধুরী নাচতে পারেন। তাতে বেশ সুবিধেই হয়েছিল অভিনেত্রী। যে গানের আইকনিক দৃশ্যও বা হুক স্টেপ আজও চর্চিত। তা জেনে বুঝেই বসে বসে করা হয়েছিল।

অধিকাংশ অংশেই বসিয়ে দেওয়া হয়েছিল মাধুরী দীক্ষিতকে। শুটিং-এর জন্য কোনও সমস্যা হয়নি তেমন। আজও এই ছবি চর্চিত। সঞ্জয়লীলা ভনসালির অন্যতম প্রযোজনা। যেখানে ঐশ্বরিয়া রাই বচ্চন থেকে শুরু করে শাহরুখ খান, প্রত্যেকের চরিত্রের উপস্থাপনাই প্রশংসনীয়।

## এই রূপ-যৌবন কত দিন, প্রশ্ন ঋতাভরীর



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** মনোবিদ তথাগত চ্যাটার্জির সঙ্গে সম্পর্কে জড়িয়েছিলেন ভারতীয় বাংলা সিনেমার অভিনেত্রী ঋতাভরী চক্রবর্তী। ২০২২ সালের মাঝামাঝি সময়ে চুমুর ছবি পোস্ট করে প্রেমিককে পরিচয় করিয়ে দেন এই অভিনেত্রী।

একই বছরের শেষ লগ্নে গুঞ্জন উঠেছিল, ভেঙে গেছে তথাগত-ঋতাভরীর প্রেম। যদিও বিচ্ছেদ নিয়ে টুঁ-শব্দটি করেননি নায়িকা! নেটিজেনদের অনেকের দাবি গোপনে বিয়ের পর্ব সেরেছেন ঋতাভরী-তথাগত। তবে এ বিষয়ে আর কথা বলতে দেখা যায়নি এই নায়িকাকে। দীর্ঘ সময় পর প্রেম-বিয়ে-বিচ্ছেদ নিয়ে মুখ খুললেন ঋতাভরী।

ঋতাভরী তার অভিনীত নতুন সিনেমার প্রচার উপলক্ষে ভারতীয় একটি গণমাধ্যমের সঙ্গে কথা বলেছেন। এসময় তথাগতর সঙ্গে প্রেম ভাঙার খবরের সত্যতা নিশ্চিত করেন। পাশাপাশি নতুন প্রেমের সম্পর্কে জড়ানোর কথাও জানান এই অভিনেত্রী।

প্রেম জীবন নিয়ে ঋতাভরী চক্রবর্তী বলেন, সেই ডাক্তারবাবুর (তথাগত) সঙ্গে বিয়েটা করছি না। একটা প্রেম আছে জীবনে। তবে এই মুহূর্তে সেটা নিয়ে কথা বলার মতো জায়গায় পৌঁছাইনি। সময় হলে তো আপনারা জানতেই পারবেন। প্রেমের প্রতি আমার অগাধ বিশ্বাস। প্রেমের ক্ষেত্রে আমি ওই সারমেয়র মতো, যে লাথি খেয়েও আবার পেছন পেছন হাঁটে। মজা করছি! প্রেম ভেঙে গেলেও বন্ধুত্ব থাকে। তথাগতের সঙ্গে আমার এখনো বন্ধুত্ব রয়েছে। অসুস্থ হলে কিন্তু ও এখনো আমার খোঁজ নেয়।

ঋতাভরীর কাছে জানতে চাওয়া হয়, অভিনেতাদের কি বিয়ে করা উচিত? এ প্রশ্নের উত্তর দিতে গিয়ে তথাগতর সঙ্গে প্রেম ভাঙার কারণ খানিকটা ব্যাখ্যা করেন তিনি। এ অভিনেত্রী বলেন, কী করে বলি! শাহরুখ খান আছেন। কিন্তু তিনি তো একটাই। তবে ক্যারিয়ার ত্যাগ করে কখনো বিয়ে করা উচিত নয়। আমি তো দেখেছি, যার জন্য মানুষ কাজ ছেড়ে দিল, তাকেই শেষে ভুলে গেল। এই রূপ-যৌবন কত দিন থাকে! এজন্যই আমি এখনো বিয়ে করিনি। ভুল মানুষকে বিয়ে করতে চাই না।

কিছুদিন আগে ঋতাভরীর বড় বোন অভিনেত্রী চিত্রাঙ্গদা চক্রবর্তী বিয়ে করেছেন। তার উদাহরণ টেনে এ অভিনেত্রী বলেন, তবে আমার দিদি ও সম্বিতের বিয়েটা দারুণ। ওরা পরস্পরের সবচেয়ে ভালো বন্ধু। তখন মনে হয়, বিয়েটা সুন্দর। ঠিক সময় সংসার করতে চাই ঠিকই। কিন্তু মেয়েদের জন্য কোনটা ঠিক সময়, জানি না। বিয়ের বয়সটা কী, তা-ও জানি না।

প্রসঙ্গত, 'ওগো বধূ সুন্দরী' ধারাবাহিকের মাধ্যমে টেলিভিশনে আত্মপ্রকাশ করেন ঋতাভরী। ২০১১ সালে 'তোমার সঙ্গে প্রাণের খেলা' সিনেমার মাধ্যমে বড় পর্দায় পা রাখেন। যদিও চলচ্চিত্রটি মুক্তি পায়নি।

২০১২ সালে মুক্তি পায় তার অভিনীত প্রথম সিনেমা 'তবু বসন্ত'। ঋতাভরী অভিনীত উল্লেখযোগ্য চলচ্চিত্র হলো 'চতুষ্কোণ', 'বারুদ', 'পরী', 'শেষ থেকে শুরু' প্রভৃতি।



## ছেলেকে যেভাবে পড়াশোনা করাচ্ছেন শুভশ্রী



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বাংলার তারকা দম্পতি রাজ-শুভশ্রী। ছেলে আর মেয়েকে নিয়ে শুভশ্রীর কখন সময় চলে যায় তা বোঝা খুব মুশকিল। তার মাঝেই শুটিংয়ের পাশাপাশি ব্র্যান্ড এন্ডর্সমেন্ট চলছে। একা হাতে সব কাজ করে যাচ্ছেন এ অভিনেত্রী। এদিকে ছেলে ইউভান একটু একটু করে বড় হচ্ছে।

ছেলে-মেয়ের সঙ্গে কাটানো বিভিন্ন মুহূর্তের ছবি সামাজিক যোগাযোগমাধ্যমে ভক্ত-অনুরাগীদের মাঝে শেয়ার করেন। কয়েকদিন আগে মেয়ে ইয়ালিনির সঙ্গে ছবি পোস্ট করেছিলেন। এবার ছেলে ইউভানকে গল্পের ছলে পড়ানোর একটি মিষ্টি ছবি পোস্ট করলেন নায়িকা।

ভিডিওতে খুদে ইউভানের কাণ্ড দেখে নেটজিনদেরও বেশ ভালো লেগেছে। অনেকেই মনে করে নায়িকারা আর তাদের সন্তানের জন্য কী করে সময় পাবেন। কিন্তু শুভশ্রীর ক্ষেত্রে যে তেমনটা হবে না সে কথা বহু আগেই জানিয়েছিলেন নায়িকা। সন্তান জন্মের পরে সেই প্রমাণও পাওয়া যাচ্ছে হাতে নাতে।


এই যেমন কয়েকদিন আগে মজার ছলে ইউভানকে শেখাচ্ছিলেন হেলদি ফুড আর আনহেলদি ফুডের পার্থক্য। শুক্রবার ঠিক তেমন ভাবে ছেলেকে শিখিয়ে দিচ্ছিলেন গৃহপালিত পশু (পেট অ্যানিম্যাল) এবং বন্য প্রাণী (ওয়াইল্ড অ্যানিম্যাল)-এর মধ্যে পার্থক্য কী?

ছোট্ট ইউভানও মায়ের প্রশ্নের একেবারে সঠিক উত্তরও দিচ্ছিল। এই ভিডিও দেখে সবাই প্রশংসা করেছেন। একটি ইংরেজি মাধ্যম স্কুলে পড়ে সে। পড়াশোনার পাশাপাশি মা-বাবার সঙ্গেও সিনেমা, ওয়েব সিরিজের সেটেও অনেকটা সময় কাটায়। আপাতত এভাবেই কাটছে চক্রবর্তী পরিবারের জীবন।

প্রসঙ্গত, ২০২০-তে করোনার সময়ে সুখবর দিয়েছিলেন এ তারকা দম্পতি। সে বছরের ১২ সেপ্টেম্বর তাদের কোলে আসে প্রথম সন্তান ইউভান। ইউভানের নানা মুহূর্তও সামাজিক যোগাযোগ মাধ্যমে শেয়ার করেন এ অভিনেত্রী।

এদিকে বুদ্ধদেব গুহের উপন্যাস 'বাবলি' নিয়ে ছবি তৈরি করেছেন রাজ চক্রবর্তী। ছবিতে অভিনয় করেছেন শুভশ্রী। তার বিপরীতে ছিলেন আবীর চ্যাটার্জি।

## সানি লিওনকে নিয়ে নতুন সমালোচনা



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সাবেক পর্ণ তারকা সানি লিওনকে নিয়ে কৌতুহলের শেষ নেই। এতটাই যে বিকিনি লুকে তার ফিল্মি পোস্টার হোক বা টুইটার অ্যাকাউন্টে তার কোনো আপডেট। মুহূর্তেই সামাজিক যোগাযোগ মাধ্যমে সব ভাইরাল।পর্নদুনিয়া ছেড়ে অভিনয়ে নাম লিখেয়েছেন সানি লিওন। ইতোমধ্যে কয়েকটি সিনেমায় অভিনয় করে দর্শকদের নজরও কেড়েছেন তিনি। এবার রাজ্যের দুই কলেজের মেধাতালিকায় স্থান করে নিয়েছেন তিনি। বিষয়টি নিয়ে হতবাক অভিনেত্রীর ভক্তরা। শুরু হয়েছে তাকে নিয়ে নতুন সমালোচনা। এ নিয়ে তদন্তে নেমেছে কলকাতা পুলিশ।

ভারতীয় গণমাধ্যম আনন্দবাজার লিখেছে, কলকাতার আশুতোষ কলেজ থেকে ইংলিশে স্নাতক করতে চান সানি। সেই কলেজের ইংরেজি বিভাগের ভর্তির মেধাতালিকায় রয়েছে তার নাম। অন্যদিকে, বজবজ নামের একটি কলেজের মেধাতালিকাতেও নাম উঠেছে সানির। বিষয়টি নিয়ে তদন্তে নেমেছে কলকাতা পুলিশ।

মেধা তালিকার এ বিতর্কে গা ভাসিয়ে লস অ্যাঞ্জেলেসে থেকে সামাজিক যোগাযোগ মাধ্যমে টুইট করেছেন সানি। ক্যাপশনে অভিনেত্রী লিখেছেন 'তোমরা কি আমার সেমিস্টারে।' সানির এ খবর দেখে তদন্তে নেমেছে কলকাতা পুলিশ। তবে কলেজ কর্তৃপক্ষের দাবি, কেউ রসিকতা করতেই নাম ভাঙিয়ে তথ্য বিকৃত করে ঘটনাটি ঘটিয়েছে।

## মেসির জোড়া গোলে
# মায়ামির সাপোর্টার্স শিল্ড জয়



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আক্রমণ-পাল্টা আক্রমণে লড়াই জমে উঠেছিল দারুণ। কিন্তু পাঁচ মিনিটের মধ্যে দুই গোল করলেন লিওনেল মেসি। উত্তেজনাপূর্ণ ম্যাচে কলম্বাস ক্রুকে হারিয়ে এবারের সাপোর্টার্স শিল্ড জিতে নিল ইন্টার মায়ামি। বাংলাদেশ সময় আজ বৃহস্পতিবার সকালে এই ম্যাচে মেসিরা জেতেন ৩-২ ব্যবধানে।

প্রথমার্ধের শেষ দিকে দুইটি গোল করে মায়ামির জয়ের নায়ক মেসি। মায়ামির আরেক তারকা লুইস সুয়ারেস করেন দলের অন্য গোলটি। গোলবারের ভরসা ক্যালেন্ডার আরও একবার বড় অবদান রাখেন দলের জয়ে।

ম্যাচের অষ্টম মিনিটেই মায়ামির জালে বল পাঠায় কলম্বাস ক্রু। তবে অফসাইডের জন্য গোল হয়নি। ২৪তম মিনিটে একইরকম অভিজ্ঞতা হয় মায়ামির। এবার তারা বল জালে পাঠালেও গোল হয়নি ফাউলের জন্য।

৪৫তম মিনিটে মাঝমাঠের কাছকাছি নিজদের অর্ধ থেকেই বিশাল লম্বা করে উঁচু বল বাড়িয়ে দেন জর্দি আলবা। কলম্বার ক্রুর বক্সের কাছাকাছি সেটা বুক দিয়ে নামান মেসি। প্রতিপক্ষে দুই ডিফেন্ডারের মধ্য দিয়ে বল করে এগিয়ে যান তিনি বক্সের ভেতর। এরপর আগুয়ান গোলকিপারের পাশ দিয়ে আলতো টোকায় বল পাঠিয়ে দেন জালে।

প্রথমার্ধের যোগ করা সময়ের পঞ্চম মিনিটে কলম্বাসের বক্সের একটু বাইরে ফ্রি কিক পায় মায়ামি। সামনের মানব দেয়ালে পাশ দিয়ে নিখুঁত বাঁকানো শটে বল জালে পাঠিয়ে দেন মেসি। গোলকিপারের তাকিয়ে দেখা ছাড়া করার বেশি কিছু ছিল না। যদিও ম্যাচের উত্তেজনা সেখানেই শেষ হয়নি। দ্বিতীয়ার্ধের শুরুতেই একটি গোল শোধ করে দেয় কলমবাস। তবে এর মিনিট দুয়েক পরই গোলকিপারের ভুলে আবার দুই গোলে পিছিয়ে পড়ে তারা। উঁচু হয়ে আসা আপাত সহজ একটি বল ধরতে গিয়ে হাত থেকে ফসকে যায় কলম্বাস গোলকিপারের। কাছেই থাকা সুয়ারেস হেড করে গোল করতে সময় নেননি একটুও।

কলম্বাস লড়াই চালিয়ে যায় তবু। ৬১ মিনিটে পেনাল্টি থেকে গোল করে ব্যবধান আবার কমায় তারা। তবে ৬৩তম মিনিটে ডিফেন্ডার রুডি কামাচো লাল কার্ড পেয়ে মাঠ ছাড়ায় বড় ধাক্কা খেতে হয় তাদের।

এরপরও উজ্জীবিত পারফরম্যান্সে ম্যাচে ফেরার সুযোগ তারা পেয়েছিল। ৮৪তম মিনিটে পেনাল্টি পায় তারা। কিন্তু মায়ামি গোলকিপার ক্যালেন্ডার ডানদিকে ঝাঁপিয়ে ফিরিয়ে দেন শট। এরপর আর নাটকীয় কিছু হয়নি ম্যাচে। ৯০ মিনিট শেষে ১০ মিনিট যোগ করা সময়েও আর গোল হয়নি।

৩২ ম্যাচে ৬৮ পয়েন্ট নিয়ে সাপোর্টার্স শিল্ড নিশ্চিত করে মায়ামি। ২০20 সালে মেজ লিগ সকারে যাত্রা শুরুর পর এই টুর্নামেন্টে তাদের প্রথম ট্রফি এটি। মেজর লিগ সকারে দুটি মূল ট্রফির একটি এই সাপোর্টার্স শিল্ড। আরেকটি হলো এমএলএস কাপ। নিয়মিত মৌসুমে ৩৪ ম্যাচজুড়ে সামগ্রিক পারফরম্যান্সে সবচেয়ে ধারাবাহিক দল পায় এই সাপোর্টার্স শিল্ড। ১৬টি ভিন্ন দল এখনও পর্যন্ত জিতেছে এই ট্রফি।

# চোট কাটিয়ে ইংল্যান্ড দলে ফিরলেন বাটলার



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ভাইটালিটি ব্লাস্টে আলো ছড়িয়ে দ্রুতই বড় পুরস্কার পেলেন জাফার চোহান। ইংল্যান্ড জাতীয় দলে প্রথমবার ডাক পেয়ে গেলেন তরুণ লেগ স্পিনার। পায়ের চোট কাটিয়ে প্রায় তিন মাস পর দলে ফিরলেন জস বাটলার।

আনুষ্ঠানিক বিবৃতিতে ওয়েস্ট ইন্ডিজ সফরে ওয়ানডে ও টি-টোয়েন্টি সিরিজের জন্য ১৪ জনের স্কোয়াড ঘোষণা করেছে ইংল্যান্ড ও ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। পাকিস্তানের বিপক্ষে তৃতীয় টেস্ট শুরুর পর এই দলে যোগ দেবেন আরও দুই ক্রিকেটার।

জাফারের প্রথমবার ডাক পাওয়া দলে আছেন অভিষেকের অপেক্ষায় থাকা ড্যান মুজলি ও জন টার্নার। সম্প্রতি ঘরের মাঠে অস্ট্রেলিয়া সিরিজের দলে থাকলেও কোনো ম্যাচ খেলার সুযোগ পাননি তারা।

সবশেষ ভাইটালিটি ব্লাস্টে ইয়র্কশায়ারের হয়ে ১০ ম্যাচে ১৭ উইকেট নেন জাফার। ডারহামের বিপক্ষে ১৪ রানে ৫ উইকেট নিয়ে সবার নজর কাড়েন ২২ বছর বয়সী ক্রিকেটার। সব মিলিয়ে ২৩ ম্যাচের টি-টোয়েন্টি ক্যারিয়ারে তার শিকার ২২ উইকেট। এখন পর্যন্ত লিস্ট 'এ' ও প্রথম শ্রেণির কোনো ম্যাচ তিনি খেলেননি।

ইয়র্কশায়ার সতীর্থ, আরেক অভিজ্ঞ লেগ স্পিনার আদিল রাশিদকে নিজের প্রথম সিরিজের দলে পাচ্ছেন জাফার। এছাড়া লিয়াম লিভিংস্টোন, উইল জ্যাকসদের মতো অনিয়মিত লেগ স্পিনাররাও আছেন দলে।

গত জুনে টি-টোয়েন্টি বিশ্বকাপের পর পায়ের পেশির চোটে আর খেলতে পারেননি বাটলার। তার অনুপস্থিতিতে অস্ট্রেলিয়ার বিপক্ষে ওয়ানডে ও টি-টোয়েনিট সিরিজে যথাক্রমে ফিল সল্ট ও হ্যারি ব্রুক অধিনায়কত্ব করেন। ফেরার সিরিজে বাটলার উইকেটের পেছনে দাঁড়াবেন কি-না, তা এখনও ঠিক করা হয়নি।

সাদা বলের দলের ওয়েস্ট ইন্ডিজ সফরের আগে তিন টেস্ট খেলতে এরই মধ্যে পাকিস্তানে পৌঁছেছে ইংল্যান্ড টেস্ট দল। রাওয়ালপিন্ডিতে ওই সিরিজের তৃতীয় ম্যাচে দলের বাইরে থাকা দুজন সীমিত ওভারের দলে যোগ দিতে চলে যাবেন ক্যারিবিয়ানে।

অ্যান্টিগায় আগামী ৩১ অক্টোবর শুরু হবে ওয়ানডে সিরিজ। একই মাঠে পরের ম্যাচ ২ নভেম্বর। পরে বারবাডোজে ৬ তারিখ হবে শেষ ম্যাচ। ওই মাঠে প্রথম দুই টি-টোয়েন্টি যথাক্রমে ৯ ও ১০ নভেম্বর। সেন্ট লুসিয়ায় শেষ তিন টি-টোয়েন্টি হবে ১৪, ১৬ ও ১৭ তারিখ।

ইংল্যান্ড স্কোয়াড: জস বাটলার (অধিনায়ক), জফ্রা আর্চার, জ্যাকব বেথেল, জাফার চোহান, স্যাম কারান, উইল জ্যাকস, লিয়াম লিভিংস্টোন, সাকিব মাহমুদ, ড্যান মুজলি, জেমি ওভারটন, আদিল রাশিদ, ফিল সল্ট, রিস টপলি, জন টার্নার।

## ৩৬ ম্যাচের অপরাজেয় যাত্রায়
# ছেদ রিয়াল মাদ্রিদের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** চোট কাটিয়ে আগেভাগে ফিরলেও আলো ছড়াতে পারলেন না কিলিয়ান এমবাপে। ভিনিসিউস কিংবা এন্দ্রিক, তারাও পারলেন না দলকে পথ দেখাতে। বিবর্ণ পারফরম্যান্সে লিলের মাঠ থেকে হারের হতাশা নিয়ে ফিরল রিয়াল মাদ্রিদ।

চ্যাম্পিয়ন্স লিগের লিগ পর্বে ০২ অক্টোবর রাতে ১-০ গোলে জিতেছে লিল। তাদের জয়ের নায়ক জোনাথন ডেভিড, প্রথমার্ধে পেনাল্টি থেকে ব্যবধান গড়ে দেওয়া গোলটি করেন তিনি। যে কোনও প্রতিযোগিতায় প্রথমবার মুখোমুখি হলো এই দুই দল এবং প্রথম দেখাতেই ইউরোপের সফলতম ক্লাবটির বিপক্ষে অবিশ্বাস্য এক জয় তুলে নিল লিল।

২০২৩ সালের মে মাসের পর এই প্রথম চ্যাম্পিয়ন্স লিগে হারের তেতো স্বাদ পেল প্রতিযোগিতাটির রেকর্ড ১৫ বারের চ্যাম্পিয়ন রিয়াল মাদ্রিদ। সব প্রতিযোগিতা মিলিয়ে রিয়ালের ৩৬ ম্যাচের অপরাজেয় যাত্রায়ও ছেদ পড়ল।

শেষের কয়েক মিনিট ছাড়া রিয়ালের পারফরম্যান্স ছিল সাদামাটা। বিশেষ করে আক্রমণে তাদের চেনা গতির দেখা মেলেনি কখনোই। তারকায় ভরা দলটির কেউই তাদের নামের প্রতি সুবিচার করতে পারেননি।

প্রথমার্ধে গোল করতে না পারার দুর্ভাবনা তো ছিলই, এবার পুরো ম্যাচেই জালের দেখা পেল না রিয়াল। চলতি মৌসুমে সব প্রতিযোগিতা মিলিয়ে ১০ ম্যাচ পর প্রথম কোনো লড়াইয়ে গোল করতে পারল না তারা।

প্রথম ২০ মিনিটে ভালো দুইটি সুযোগ অবশ্য পেয়েছিল শিরোপাধারীরা; ভিনিসিউস জুনিয়রের শট ঝাঁপিয়ে ঠেকিয়ে দেন গোলরক্ষক লুকাস, আর একক নৈপুণ্যে বল পায়ে বক্সে ঢুকে তার বরাবর শট নেন এন্দ্রিক।

এদিন চ্যাম্পিয়ন্স লিগে সবচেয়ে কম বয়সে রিয়ালের শুরুর একাদশের খেলোয়াড় হওয়ার কীর্তি গড়েন এন্দ্রিক (১৮ বছর ৭৩ দিন)। তিনি ভেঙে দেন স্প্যানিশ ক্লাবটির কিংবদন্তি ফরোয়ার্ড রাউল গনসালেসের রেকর্ড। ১৯৯৫ সালের সেপ্টেম্বরে ডাচ ক্লাব আয়াক্সের বিপক্ষে ১৮ বছর ৭৮ দিন বয়সে নেমে আগের রেকর্ড গড়েছিলেন এই স্প্যানিয়ার্ড।

২৫তম মিনিটে গোল খেতে বসেছিল সফরকারীরা। বেঁচে যায় আন্দ্রি লুনিনের ডাবল সেভে। জোনাথন ডেভিডের প্রথম শট ঝাঁপিয়ে ফেরানোর পর আলগা বলে তার দ্বিতীয় প্রচেষ্টা কোনোমতে আটকান ইউক্রেনের গোলরক্ষক।

বিরতির ঠিক আগে আর জাল অক্ষত রাখতে পারেনি রিয়াল। বক্সে এদুয়ার্দো কামাভিঙ্গার হাতে বল লাগলে পেনাল্টির বাঁশি বাজান রেফারি। কানাডার ফরোয়ার্ড ডেভিডের নিখুঁত স্পট কিকে এগিয়ে যায় স্বাগতিকরা। আক্রমণে ধার বাড়াতে ৬১তম মিনিটে ডিফেন্ডার এদের মিলিতাওয়ের জায়গায় চোট কাটিয়ে ফেরা এমবাপে এবং এন্দ্রিককে তুলে লুকা মদ্রিচকে নামান রিয়াল কোচ। কিন্তু কেউই পারেননি নিজেকে মেলে ধরতে।

মরিয়া হয়ে শেষ দিকে প্রবল চাপ দেয় রিয়াল। ৮৫তম মিনিটে গোল করার সবচেয়ে কাছাকাছি যায় তারা; তবে জুড বেলিংহ্যামের প্রচেষ্টা গোললাইন থেকে ফেরান এক ডিফেন্ডার। পরের মিনিটে আন্তোনিও রুডিগারের হেড গোলরক্ষক ফেরানোর পর আলগা বল কাছ থেকে উড়িয়ে মারেন ভিনিসিউস।

নতুন ফরম্যাটের চ্যাম্পিয়ন্স লিগে এই অপ্রত্যাশিত হার রিয়ালকে বড় সমস্যায় ফেলে দিতে পারে। অন্যদের জয় এবং নিজেদের ব্যর্থতায় পয়েন্ট টেবিলে আরও পিছিয়ে গেছে তারা, দুই রাউন্ড শেষে ৩ পয়েন্ট নিয়ে আছে ১৭ নম্বরে। সমান পয়েন্ট নিয়ে তাদের পরেই উঠে এসেছে লিল।

## হঠাৎ অধিনায়কত্ব
# ছাড়লেন টিম সাউদি!



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** সদ্যই শ্রীলঙ্কা সফরে গিয়ে ২-০ ব্যবধানে টেস্ট সিরিজ হেরেছে নিউজিল্যান্ড। এমন হারের পর এবার নিউজিল্যান্ডের টেস্ট দলের নেতৃত্ব ছাড়ার ঘোষণা দিয়েছেন টিম সাউদি। 'দলের ভালোর জন্য' এমন সিদ্ধান্ত নিয়েছেন বলে জানিয়েছেন তিনি। তার স্থলাভিষিক্ত হচ্ছেন টম ল্যাথাম।

আজ এক বিবৃতিতে সাউদির দায়িত্ব ছাড়ার বিষয়টি নিশ্চিত করেছে নিউজিল্যান্ড ক্রিকেট। একইসঙ্গে ল্যাথামকে দায়িত্ব দেওয়ার ব্যাপারটিও জানিয়ে দেওয়া হয়েছে। ভারতের বিপক্ষে আসন্ন টেস্ট সিরিজ থেকেই দায়িত্ব সামলাবেন তিনি।

২০০৮ সালে কিউইদের জার্সিতে অভিষেক হওয়ার পর ১০২টি টেস্ট খেলেছেন সাউদি। এই ফরম্যাটে তার উইকেট আছে ৩৮২টি। ২০২২ সালের ডিসেম্বরে কেন উইলিয়ামসনের কাছ থেকে নেতৃত্ব বুঝে নেন সাউদি। এরপর নেতৃত্ব দিয়েছেন ১৪ টেস্টে; যার মধ্যে ৬টি করে জয় ও হার এবং ২টিতে ড্র করেছে তার দল।

উল্লেখ্য, টেস্ট ক্রিকেটে সময়টা ভালো যাচ্ছে না নিউজিল্যান্ডের। টেস্ট চ্যাম্পিয়নশিপের অভিষেক আসরের চ্যাম্পিয়নরা এবার আছে ষষ্ঠ স্থানে। অক্টোবরে তারা ভারত সফর করবে। যেখানে তারা খেলবে তিন টেস্টের সিরিজ।

## ফিক্সিংয়ের দায়ে
# নিষিদ্ধ লঙ্কান স্পিনার




**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** আইসিসির দুর্নীতিবিরোধী একাধীক ধারা ভেঙে এক বছরের জন্য সব ধরনের ক্রিকেট থেকে নিষিদ্ধ হয়েছেন শ্রীলঙ্কার বাঁহাতি স্পিনার প্রবীণ জয়াবিক্রমা।

গত সোমবার জায়াবিক্রমাকে এই শাস্তি দেয় আইসিসি। দিনটি ছিল জায়াবিক্রমার ২৬তম জন্মদিন। এর দুই দিন পর আনুষ্ঠানিক বিবৃতিতে শাস্তির বিষয়টি জানায় আন্তর্জাতিক ক্রিকেটের সর্বোচ্চ নিয়ন্তা সংস্থা।

শাস্তি এক বছরের হলেও, এর শেষ ৬ মাস থাকছে স্থগিত। প্রথম ৬ মাসে নতুন করে আইসিসির নীতিমালা বিরোধী কিছু না করলে ২০২৫ সালের ১ এপ্রিল থেকে ক্রিকেটে ফিরতে পারবেন তিনি।

ফিক্সিংয়ের প্রাস্তাব লুকানো ও তথ্যপ্রমান মুছে ফেলার দায়ে এই শাস্তি পেলেন জয়াবিক্রমা।


গত অগাস্টে জায়াবিক্রমার বিপক্ষে দুর্নীতির অভিযোগ আনে আইসিসি। এর জবাবে নিজের অবস্থান জানানোর জন্য ১৪ দিন সময় পান তিনি। প্রাথমিকভাবে অস্বীকার করলেও পরে দায় স্বীকার করে নেন বাঁহাতি স্পিনার।

তার বিরুদ্ধে অভিযোগ- ২০২১ লঙ্কা প্রিমিয়ার লিগে (এলপিএল) জুয়ারির পক্ষ হয়ে অন্য এক ক্রিকেটারকে ফিক্সিংয়ে রাজি করানোর প্রস্তাব পেয়েও তা আইসিসিকে জানাতে ব্যর্থ হওয়া এবং প্রস্তাব আসার ক্ষুদে বার্তাগুলো মুছে ফেলে তদন্তে বাধা দেওয়া।

ঘটনার এখানেই শেষ নয়। তখনও আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেকের অপেক্ষায় থাকা তরুণ স্পিনার জায়াবিক্রমাকে তার বন্ধু প্রস্তাব দেন যে, জাতীয় দলে সুযোগ পাওয়ার পর ছোট ছোট কিছু কাজ যেমন একটি 'নো' বল করলেও অনেক আয় করা সম্ভব। এই প্রস্তাবেও রাজি হননি জায়াবিক্রমা। তবে আবারও এন্টি করাপশন ইউনিটকে জানাতে ব্যর্থ হন তিনি।

২০২১ সালের এপ্রিলে আন্তর্জাতিক ক্রিকেটে অভিষেক হওয়া জায়াবিক্রমা জাতীয় দলের হয়ে এখন পর্যন্ত ৫টি করে টেস্ট, ওয়ানডে ও টি-টোয়েন্টি খেলেছেন। সবশেষ খেলেছেন ২০২২ সালে ঘরের মাঠে অস্ট্রেলিয়ার বিপক্ষে টি-টোয়েন্টি সিরিজে।

# ছয় মাসের জন্য নিষিদ্ধ এতো




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** ক্যামেরুন ফুটবল ফেডারেশনের সভাপতি ও দেশটির কিংবদন্তি ফুটবলার স্যামুয়েল এতোকে ছয় মাস নিষিদ্ধ করেছে ফিফা। আচরণবিধি, ফেয়ার প্লে নীতি লঙ্ঘন এবং খেলোয়াড়-কর্মকর্তাদের সঙ্গে অসদচারণের অভিযোগ আনা হয়েছে এতোর ওপর। তদন্তের পর সেই অভিযোগের প্রমাণ পায় ফিফা।

মূলত ঘটনাটি ঘটেছে অনূর্ধ্ব-২০ নারী বিশ্বকাপে। ১৭ সেপ্টেম্বর কলম্বিয়ার বোগোতা অনুষ্ঠিত শেষ ষোলোর ম্যাচে ব্রাজিলের কাছে ৩-১ গোলে হেরে যায় ক্যামেরুন। সেই ম্যাচে অবশ্য শুরুতে এগিয়ে ছিল তারা। কিন্তু পেনাল্টির মাধ্যমে সমতায় ফেরে ব্রাজিল। রেফারির সেই সিদ্ধান্ত নিয়ে ক্ষিপ্ত হয়ে ওঠায় লাল কার্ড দেখেন এতো। যা ফিফার আচরণবিধি ভঙ্গের সামিল।

যার ফলে আগামী ছয় মাস ক্যামেরুনের পুরুষ, নারী কিংবা বয়সভিত্তিক কোনো খেলায় উপস্থিত থাকতে পারবেন না এতো। তবে ফেডারেশনের সভাপতি হিসেবে তার কোনো কার্যক্রমে এই নিষেধাজ্ঞা প্রভাব ফেলবে না।

২০২১ সালে ক্যামেরুন ফুটবল ফেডারেশনের সভাপতি হন এতো। গত জুলাইয়ে এক অনলাইনভিত্তিক জুয়া প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তির কারণে ২ লাখ ডলার জরিমানা করা হয় তাকে। ক্যামেরুনের হয়ে ১১৮ ম্যাচে ৫৬ গোল করেছেন সাবেক এই ফুটবলার। রেকর্ড চারবার জেতেন আফ্রিকান বর্ষসেরা ফুটবলারের পুরস্কার।

# শীর্ষে ফিরলেন বুমরাহ




**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** বাংলাদেশের বিপক্ষে বল হাতে আলো ছড়িয়েছেন ভারতীয় পেসার জসপ্রিত বুমরাহ। বাংলাদেশের বিপক্ষে দ্বিতীয় টেস্টে নিয়েছেন ছয়টি গুরুত্বপূর্ণ উইকেট। তারই পুরস্কার পেলেন এবার। সতীর্থ রবিচন্দ্রন অশ্বিনকে টপকে হয়েছেন টেস্টের এক নম্বর বোলার।

আজ সাপ্তাহিক র‍্যাংকিংয়ের হালনাগাদ প্রকাশ করেছে আইসিসি। যেখানে টেস্ট বোলারদের র‍্যাংকিংয়ে ৮৭০ পয়েন্ট নিয়ে শীর্ষস্থান ফিরে পেয়েছেন বুমরাহ। তবে কানপুর টেস্ট জয়ে অবদান রাখেন অশ্বিনও। পাঁচ উইকেট নিলেও রেটিং পয়েন্ট কমেছে তার। বুমরাহর থেকে এক পয়েন্ট কম নিয়ে দুইয়ে তিনি। এদিকে, বাংলাদেশ হারলেও ব্যক্তিগত অবদানের কারণে উন্নতি হয়েছে মেহেদি হাসান মিরাজ ও সাকিব আল হাসানের। চার ধাপ এগিয়ে ১৮তম স্থানে আছেন মিরাজ। আর পাঁচ ধাপ উন্নতি হওয়া সাকিবের অবস্থান ২৮তম।

■ স্বত্বাধিতকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৮৩৮২০৩১
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR